দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1 8 1999... ...
পৃষ্ঠা 2 কলাম ৩

# নবনিযুক্ত প্রভাষকদের ২৫ জানুয়ারি কর্মস্থলে যোগ দিতে হবে

১৮তম বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৫১৯ জন প্রভাষকের নিয়োগ প্রদান করা হয়েছে। আগামী ২৫শে জানুয়ারি তাদের নিজ নিজ কর্মস্থলে যোগদান করতে হবে।

যে সকল নবনিযুক্ত কর্মকর্তা শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগপত্র পাননি, তারা বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মূল প্রবেশপত্র ও সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়োগপত্র নিয়ে সংশ্লিষ্ট কলেজে অথবা মহাপরিচালক, শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকায় যোগদান করতে পারবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষদেরও শিক্ষা মন্ত্রণালয় থেকে উপরোক্ত প্রক্রিয়ায় যোগদানপত্র গ্রহণ করতে অনুরোধ করা হয়েছে। খবর সরকারি তথ্য বিবরণীর।